কালের কণ্ঠ

তারিখ ....13. MAY. 2016...
পৃষ্ঠা ... ৩... কলাম...৮... ......

# পিকআপের ধাক্কায় প্রাণ গেল শিক্ষকের

নিজস্ব প্রতিবেদক ▷

রাজধানীর মিরপুর টেকনিক্যাল মোড়ে গতকাল বৃহস্পতিবার পিকআপের ধাক্কায় প্রাণ গেল আতিকুর রহমান দুলাল (৩৫) নামের এক কলেজ শিক্ষকের। তিনি কল্যাণপুর বাসস্ট্যান্ড এলাকার এফ কে. পলিটেকনিক ইনস্টিটিউটের গণিত শিক্ষক ছিলেন। তাঁর বাবার নাম শফিকুর রহমান। তাঁদের বাড়ি কুমিল্লার মুরাদনগর উপজেলার ঘোড়াশাল গ্রামে। স্ত্রী ও দেড় মাসের এক ছেলেসন্তানকে নিয়ে টোলারবাগে ভাড়া বাসায় থাকতেন দুলাল।

মৃতের স্বজনরা জানায়, গতকাল সকালে বাসা থেকে বেরিয়ে দুলাল কলেজে যাচ্ছিলেন। টেকনিক্যাল মোড়ে রাস্তা পার হওয়ার সময় একটি পিকআপ ভ্যান তাঁকে ধাক্কা দেয়। এতে তিনি গুরুতর আহত হন।